

৪২

ইসলামী বিশ্ববিদ্যালয়
ছাত্র রাজনীতি বন্ধের
মেয়াদ বাড়লো

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ১লা অক্টোবর (নিজস্ব সংবাদদাতার ফ্যাক্স)। - ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে রাজনৈতিক কর্মকাণ্ড বন্ধের মেয়াদ আরো তিন মাস বাড়ানো হয়েছে।

গত ২৮শে এপ্রিল ছাত্র শিবিরের হামলায় একজন অভিভাবক নিহত হওয়ার পর তিন টার্মে ৬ মাসের জন্য রাজনীতি বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়। উপাচার্য প্রফেসর এনাম-উল হকের সভাপতিত্বে ছাত্র, শিক্ষক, প্রক্টরিয়াল বডি ও ডীনদের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

১লা জানুয়ারি '৯৬ রাজনৈতিক কর্মকাণ্ড চালু হবে বলে সিদ্ধান্ত হয়।